তারিখ 26 SEP 2016
পৃষ্ঠা ২০ কলাম ৪

দৈনিক
ইত্তেফাক

# কচুয়ায় কলেজ সরকারি হওয়ায় মহীউদ্দীন খান আলমগীরকে সংবর্ধনা

■ কচুয়া (চাঁদপুর) সংবাদদাতা

কচুয়া বঙ্গবন্ধু ডিগ্রি কলেজ সরকারিকরণ হওয়ায় কলেজ গভর্নিং বডির সদস্য, শিক্ষক-কর্মচারী ও অভিভাবকদের পক্ষ থেকে গত শনিবার সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী ও সরকারি হিসাব সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ড.মহীউদ্দীন খান আলমগীর এমপিকে সংবর্ধনা প্রদান করা হয়।

কলেজ পরিচলনা কমিটির সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মুনতাসির মামুনের সভাপতিত্বে ও সহকারী অধ্যাপক শাহাদাত হোসেনের পরিচালনায় সংবর্ধনা অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন গণসংবর্ধনা কমিটির আহ্বায়ক ও সাবেক যুবক কমিশনের চেয়ারম্যান রফিকুল ইসলাম।

এছাড়া বক্তব্য রাখেন কচুয়া উপজেলা চেয়ারম্যান শাহজাহান শিশির, কলেজ অধ্যক্ষ শাহ মোঃ জালাল উদ্দিন চৌধুরী, উপজেলা ছাত্রলীগের সভাপতি সৈয়দ রবিউল ইসলাম রাসেল, ছাত্র অভিভাবক আনোয়ার হোসেন সিকদার, ঢাকাস্থ কচুয়া উপজেলা সমিতির সহ-সভাপতি প্রকৌশলী আব্দুল মোতালেব ও সাধারণ সম্পাদক কবির হোসেন মিয়াজী। সংবর্ধনা অনুষ্ঠানে যোগদানের পূর্বে তিনি কলেজের ড. মহীউদ্দীন খান আলমগীর একাডেমিক দ্বিতল ভবনের উদ্বোধন করেন। এছাড়াও একই স্থানে কচুয়া উপজেলা সমিতি, ঢাকা এর সনদপত্রসহ মেধাবৃত্তি ও নিজস্ব অর্থায়নে ১১টি মাধ্যমিক বিদ্যালয়ের মেধাবী ৯৬ জন ছাত্রীর মাঝে বাইসাইকেল বিতরণ করেন।